




AccessAgriculture

এন্টারপ্রেনরস ফর রুরাল অ্যাকসেস (ইআরএ)

দক্ষিণ গোলার্ধে পরিবর্তন আনতে পারে এমন নতুন প্রজন্মের এক দল তরুণ যারা কৃষকদের জন্য নির্মিত প্রশিক্ষণ ভিডিওগুলো ব্যবহার করে তাদের নিজেদের জন্য ব্যবসা গড়ে তুলছে এবং পাশাপাশি যা কমুনিটি-উন্নয়নে অনুঘটক হিসেবে কাজ করছে।

দি এন্টারপ্রেনরস ফর রুরাল অ্যাকসেস' (ইআরএ) সে-সকল সৃষ্টিশীল তরুণদের একটি নেটওয়ার্ক, যারা 'অ্যাকসেস এগ্রিকালচার'-এর প্রশিক্ষণ ভিডিওগুলো কাজে লাগিয়ে একটি স্থায়ীভূতীয় ব্যবসা কাঠামো দাঁড় করায়। তাদের লক্ষ্য হলো কমিউনিটির কৃষকদের, বিশেষ করে নারী ও তরুণদের জীবনে ইতিবাচক পরিবর্তন নিয়ে আসা।



অ্যাকসেস এগ্রিকালচার আন্তর্জাতিক ও স্থানীয় ভাষায় কৃষিবিষয়ক প্রশিক্ষণ ভিডিও নির্মাণের ক্ষেত্রে একটি শীর্ষস্থানীয় সংস্থা, যার কার্যক্রম দক্ষিণ গোলার্ধজুড়ে বিস্তৃত। প্রতিষ্ঠানটির ভিডিও প্রশিক্ষণের অ্যাপ্রোচ বা ধরনের কারণে ছয় কোটির উপরে ক্ষুদ্রচাষিএগ্রোইকোলজির নীতিসমূহ এবং গ্রামীণ উদ্যোগ বিষয়ে জ্ঞানলাভ করেছে, যা গ্রামীণ জীবিকা ও স্থায়ীভূতীয় খাদ্য ব্যবস্থার উন্নয়নকে সামনে এগিয়ে নিয়েছে।

যুবকদের কর্মসংস্থানহীনতা ও ব্যাপকভাবে গ্রাম থেকে শহরে অভিবাসনরোধে এটি একটি সমাধান

সরকারগুলোর যুব-কর্মসংস্থান সৃষ্টি করার কাজটি একটি অন্যতম প্রধান উদবেগ এর কারন এবং অগ্রাধিকার যেহেতু প্রতি বছর লক্ষ লক্ষ বেকার তরুণ চাকরির বাজার করার প্লাবিত গ্রামীণ এলাকায় এ-চ্যালেঞ্জটি অনেক বেশি প্রকট।

আয়রোজগারের জন্য যেহেতু কৃষিকে আর নির্ভরযোগ্য খাত হিসেবে দেখা হয় না, তাই অনেক গ্রামীণ তরুণ অপেক্ষাকৃত উত্তম আয়ের উৎসের সন্ধানের জন্য গ্রাম ছেড়ে চলে যাচ্ছে। আবার যাদের কৃষি কাজে যুক্ত হওয়ার আশ্রয় রয়েছে, তাদের কৃষিবিষয়ক জ্ঞান, দক্ষতা ও বাজারে প্রবেশাধিকার খুবই সীমিত।

অ্যাকসেস এগ্রিকালচার বিশ্বাস করে যে, 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' (আইসিটি)-এর সহায়তায় উদ্যোক্তাগণ তরুণ ও নারীদের জন্য এমন সুযোগ সৃষ্টি করতে পারে যাতে তারা কৃষিকে একটি লাভজনক ব্যবসা হিসেবে গ্রহণ করে গ্রামে নিজস্ব কমিউনিটিতে থেকে যেতে পারে।



**অ্যাকসেস এগ্রিকালচার
ইয়াং এন্টারপ্রেনার চ্যালেঞ্জ ফান্ড**

সংস্থাটি ২০১৯ সালে ‘ইয়াং এন্টারপ্রেনার চ্যালেঞ্জ ফান্ড’ প্রতিষ্ঠা করে।

কৃষি-বিষয়ক প্রশিক্ষণ ভিডিওগুলো গ্রামীণ সমাজে সম্প্রসারণের মাধ্যমে ব্যবসা করার জন্য তরুণদের কাছ থেকে উদ্ভাবনী ধারণার প্রস্তাবনা আহ্বান করা হয়।

বিজয়ীরা, যারা ‘ইআরএ’- নামে পরিচিত, তারা একটি করে সৌর-শক্তিচালিত ‘ডিজিসফ্ট’ স্মার্ট প্রজেক্টর গ্রহন করেন যেটিতে অ্যাকসেস এগ্রিকালচার-এর সবগুলো ভিডিও অন্তর্ভুক্ত থাকে। এই স্মার্ট প্রজেক্টরের সাহায্যে বিদ্যুৎ সংযোগ বা ইন্টারনেট সুবিধা নেই এমন এলাকায়, এমনকি দুর্গম এলাকায়ও ভিডিওগুলো দেখাতে পারেন।



তরুণ উদ্যোক্তা থেকে পরিবর্তনকারীতে রূপান্তর

অ্যাকসেস এগ্রিকালচার-এর পেশাদার দলের দেওয়া প্রশিক্ষণে প্রশিক্ষিত এবং স্মার্ট প্রজেক্টরে সজ্জিত তরুণ ‘ইআরএ’-গণ পৃথিবীর বিভিন্ন জায়গা থেকে সমৃদ্ধশালী নতুন ধারণাসমূহ স্থানীয় লোকজনের জন্য বয়ে আনছে, যেগুলো তাদের জীবনকে বদলে দিচ্ছে।

“ তানজানিয়ার বৃহত্তর ‘মাহালে ইকোসিস্টেম’-এর অন্তর্গত ‘বুহিঙ্গু’ ও ‘ইগালুলা’ গ্রামের লেখাপড়া না জানা তরুণ ও নারীদের স্থায়ীত্মশীল কৃষি বিষয়ে শিখনের ক্ষেত্রে কিসোহাইলি ভাষায় নির্মিত অ্যাকসেস এগ্রিকালচার ভিডিওগুলো সহযোগিতা করেছে। ”

বোয়াজি উইপটন, ইআরএ, তানজানিয়া

“ স্মার্ট প্রজেক্টর এর মাধ্যমে দেখানো এবং অ্যাকসেস এগ্রিকালচার-এর ভালো কৃষিচর্চা সমূহের উপর হিন্দি ভাষায় অনূদিত ভিডিওগুলোর কারণে আমাদের প্রশিক্ষণ কর্মসূচিগুলো আরো প্রাসঙ্গিক, অর্থপূর্ণ ও আকর্ষণীয় হয়ে উঠেছে। ”

নীরাজ কুমার, ইআরএ, ভারত



সহযোগিতার জন্য সুযোগসমূহ

দক্ষিণ গোলার্ধের তরুণ নারী ও পুরুষদের ক্ষমতায়নে ‘ইয়াং এন্টারপ্রেনার চ্যালেঞ্জ ফান্ড’-এ আমরা প্রতিষ্ঠান, ব্যক্তি অথবা কোম্পানিসমূহের সহায়তাকে স্বাগত জানাই, যাতে তারা :

- ...কৃষি-শিখন ভিডিওগুলোকে ব্যবহার করে ব্যবসার সুযোগ সৃষ্টি করতে পারে
- ...তরুণ কৃষকদের কৃষিকাজে পুনরায় যুক্ত করতে পারে এবং গ্রামীণ থেকে অভিজ্ঞতা বন্ধ করতে পারে
- ...নতুন নতুন উদ্ভাবনে উদ্যোগী হতে পারে ও নিজেদের কমিউনিটির পরিবর্তনে প্রতিনিধি হয়ে উঠতে পারে
- ...চাকরি-প্রার্থী না হয়ে “চাকরিদাতা” হয়ে উঠতে পারে



আরও তথ্যের জন্য অনুগ্রহ করে
যোগাযোগ করুন
info@accessagriculture.org
www.accessagriculture.org/bgl



AccessAgriculture

... একতাবদ্ধ হয়ে আমরা অনেক
জীবন বদলে দিতে পারি